

Prime Minister's meeting with the Prime Minister of Singapore on the sidelines of G-20 Summit in Bali

November 16, 2022

বালিতে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রী মোদীর বৈঠক

নভেম্বর 16, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বালিতে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সেইং লুঙ – এর সঙ্গে সাক্ষাৎ করেন। গত বছর রোমে জি-২০ শিখর সম্মেলনের অবসরে প্রধানমন্ত্রী লি-র সঙ্গে তাঁর বৈঠকের কথা স্মরণ করেন শ্রী মোদী।

2. দুই প্রধানমন্ত্রী ভারত ও সিঙ্গাপুরের মধ্যে মজবুত কৌশলগত অংশীদারিত্বের বিষয়ে কথা বলেন এবং নিয়মিত দুই দেশের মধ্যে উচ্চ মন্ত্রী পর্যায়ে আলাপচারিতা চলতে থাকায় সন্তোষ প্রকাশ করেন। সেপ্টেম্বর মাসে নতুন দিল্লিতে ভারত – সিঙ্গাপুর মন্ত্রী পর্যায়ের গোলটেবিল বৈঠকের উদ্বোধনী অনুষ্ঠানের প্রসঙ্গও উঠে আসে তাঁদের আলাপচারিতায়।

3. উভয় নেতা দু'দেশের মধ্যে ফিনটেক, পুনর্নবীকরণযোগ্য শক্তি, দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য, ফার্মাসিউটিকাল সহ বিভিন্ন ক্ষেত্রে সম্পর্ক আরও মজবুত করার বিষয়ে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী মোদী সবুজ অর্থনীতি, পরিকাঠামো, ডিজিটাইলাইজেশন সহ নানা ক্ষেত্রে সিঙ্গাপুরকে বিনিয়োগের আহ্বান জানান। তিনি ভারতের গতিশক্তি প্রকল্প জাতীয় পরিকাঠামো পাইপলাইনের মতো সুবিধাগুলি গ্রহণ করতেও সিঙ্গাপুরকে আহ্বান জানান।

4. দুই প্রধানমন্ত্রী সাম্প্রতিক আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয়ে মতবিনিময় করেন। ভারতের 'পুবে কাজ করো' নীতিতে সিঙ্গাপুরের ভূমিকার প্রশংসা করেন প্রধানমন্ত্রী মোদী। ভারত – আসিয়ান বহুমুখী সহযোগিতা আরও মজবুত করতে একযোগে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন ভারত ও সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী।

5. আগামী দিনের জন্য প্রধানমন্ত্রী লি-কে শুভেচ্ছা জানান শ্রী মোদী। আগামী বছর জি-২০ শিখর সম্মেলনের সময় তাঁকে ভারত সফরের আমন্ত্রণও জানান প্রধানমন্ত্রী শ্রী মোদী।

বালি

নভেম্বর 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.